

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬২. সুরা [ইযাস্ সামাউন শাককাত্-(ইনশিকাক:১)]-এ সাজদা করা প্রসঙ্গে

بَابِ السُّجُودِ فِي إِذَا السَّمَاءُ انْشَقَّتْ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ قَالَ رَأَيْتُ أَبَا هُرَيْرَةَ يَسْجُدُ فِي إِذَا السَّمَاءُ انْشَقَّتْ فَقُلْتُ يَا أَبَا هُرَيْرَةَ أَرَاكَ تَسْجُدُ فِي إِذَا السَّمَاءُ انْشَقَّتْ فَقَالَ لَوْ لَمْ أَرَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَجَدَ فِيهَا لَمْ أَسْجُدْ

বাংলা

১৫০৭. আবী সালামাহ বলেন, আমি আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুকে সুরা ['ইযাস সামাউন শাক্কাত'-(ইনশিকাক :১)]-এ সাজদা করতে দেখলাম। তখন আমি তাঁকে বললাম, হে আবী হুরাইরা! আমি কি আপনাকে সুরা ['ইযাস সামাউন শাক্কাত'-(ইনশিকক :১)]-এ সাজদা করতে দেখলাম না? তখন উত্তরে তিনি বললেন: 'যদি আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এ (সূরা)-তে সাজদা করতে না দেখতাম, তবে আমিও তাতে সাজদা করতাম না।'[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আবু ইয়ালা আল মাউসিলী, আল মুসনাদ ৫৯৯৬, সহীহ সনদে। তবে এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা। পূর্বের ও পরের হাদীস দু'টিতে আমাদের টীকা দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন